ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩১৪
ধর্মনগর, ১৮ অক্টোবর, ২০২৫

**উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক রোলপ্লে ও লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত**

বিদ্যালয় স্তরের ছাত্রছাত্রীদের নিয়ে উত্তর ত্রিপুরা জেলায় জেলাভিত্তিক রোলপ্লে (চরিত্রাভিনয়) ও লোকনৃত্য প্রতিযোগিতা আজ ধর্মনগরের অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলা শিক্ষা আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে ধর্মনগরে অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবনে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়। জাতীয় জনশিক্ষা প্রকল্পের অধীনে আয়োজিত এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ছাত্রছাত্রীরা আমাদের দেশের ভবিষ্যত। ছাত্রছাত্রীদের ভবিষ্যত গড়ে তোলার ক্ষেত্রে আন্তরিকভাবে কাজ করছেন শিক্ষক শিক্ষিকাগণ। ছাত্রছাত্রীদের সুনাগরিক হিসাবে গড়ে তোলার জন্য শিক্ষকদের ভূমিকা নিতে হবে। এদিনের অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন সমাজসেবী কাজল কুমার দাস, শিক্ষা দপ্তরের দুইজন ওএসডি সমীর রঞ্জন নাথ ও কৃতিসুন্দর দে। সভাপতিত্ব করেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রাণী দাস সেন। উল্লেখ্য যে এক দিনের এই প্রতিযোগিতায় রোলপ্লেতে জেলার ১১টি বিদ্যালয়ের ১১টি টিম ও লোকনৃত্য প্রতিযোগিতায় ১৩টি বিদ্যালয়ের ১৩টি দল অংশগ্রহণ করে।

******